গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২.১০৬৫/২

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ০৪ আগস্ট ২০২২

বিষয়: **'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির জুলাই ২০২২ মাসের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২৪.৪৫.০০১.২১.১০০, তারিখ: ২২-০২-২০২২

২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির জুলাই ২০২২ মাসের পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

04/08/2022

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব
ফোন: ৯৫৭০৬৫৮
e-mail: dsdev3@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২.১০৬৫/২

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ০৪ আগস্ট ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। যুগ্মসচিব (অপারেশন-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব

D:\APA

**বিষয়: বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত "মাসিক ভিত্তিতে কূপ খনন কার্যক্রম মনিটরিং" কমিটি'র জুলাই ২০২২ মাসের সরেজমিন পরিদর্শন প্রতিবেদন**

১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ তারিখ ২৫-০৭-২০২২ এর মাধ্যমে মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিংয়ের জন্য কমিটি গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী কমিটি উক্ত কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থ-বছরের এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

২। বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল) এর আওতাধীন বাখরাবাদ গ্যাস ক্ষেত্র পরিদর্শন করা হয়।

- পরিদর্শনের তারিখ: ২৯ জুলাই ২০২২।
- পরিদর্শনকারী কর্মকর্তা:
  জনাব ড. মো: হেলাল উদ্দিন, এনডিসি, অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- আয়োজক: বিজিএফসিএল।
- পরিদর্শনকৃত এলাকা: কুমিল্লা।

৩। **বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং কার্যক্রম:**

| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত স্থান | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল) | বাখরাবাদ গ্যাস ক্ষেত্র | -বাখরাবাদ গ্যাস ক্ষেত্র বাংলাদেশের কুমিল্লায় অবস্থিত একটি প্রাকৃতিক গ্যাসক্ষেত্র। এটি ১৯৬৮ সালে তৎকালীন পাকিস্তান শেল অয়েল কোম্পানি কর্তৃক আবিষ্কৃত হয় এবং ১৯৮১ সালে গ্যাস উৎপাদন শুরু হয়।<br><br>-বিজিএফসিএল হতে জানা যায়, বাখরাবাদ ফিল্ডে ৩টি লোকেশনে (লোকেশন এ, বি ও সি) মোট ১০টি কূপ আছে। তন্মধ্যে, লোকেশন এ তে ৫টি (কূপ নং-১, ২, ৩, 4 ও ৫), লোকেশন বি তে ৩টি (কূপ নং-৬, ৭ ও ৮) ও লোকেশন সি তে ২টি (কূপ নং-৯ ও ১০) কূপ রয়েছে। বর্তমানে এই ১০ টি কূপের মধ্যে ০৬ (ছয়) টি কূপ (কূপ নং- ১, ৩, ৫, ৮, ৯ ও ১০) হতে প্রতিদিন গড়ে ৩৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলিত হচ্ছে। উত্তোলিত গ্যাসের সাথে উপজাত হিসেবে প্রাপ্ত পানি ও কনডেনসেট প্রসেস প্লান্টের মাধ্যমে অপসারণ করে প্রতিদিন জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। উল্লেখ্য, বাখরাবাদ ফিল্ডের কয়েকটি কূপের চাপ কমে জাতীয় গ্রিডের চাপের কাছাকাছি চলে আসায় ২০14 সালে (তিন) টি বুস্টার কম্প্রেসর বিশিষ্ট (প্রতিটি ১২~১৫ এমএমএসসিএফডি কম্প্রেসন ক্ষমতাসম্পন্ন; রেসিপ্রোকেটিং, সিংগেল স্টেজ, ডাবল অ্যাক্টিং টাইপ) একটি কম্প্রেসর স্টেশন স্থাপন করা হয়। বর্তমানে, বাখরাবাদ ফিল্ডের কূপ নং ৩, ৮, ৯ ও ১০ এর ওয়েলহেডে প্রেসার (৩: ২৮০ পিএসআইজি, ৮: ৩৬০ পিএসআইজি, ৯: ৭৭০ পিএসআইজি ও ১০: 8০০ পিএসআইজি ) কম থাকায় উত্তোলিত গ্যাস প্রসেস প্লান্টের মাধ্যমে প্রসেস করে কম্প্রেসর দ্বারা প্রয়োজনীয় চাপ বৃদ্ধি করে বাখরাবাদ-চট্টগ্রাম লাইনে সরবরাহ করা হচ্ছে। অন্যদিকে, কূপ নং ১ ও ৫ এর ওয়েলহেড প্রেসার (১: ১৩৯০ পিএসআইজি ও ৫: ১৪৪০ পিএসআইজি ) তুলনামূলকভাবে বেশী থাকায় উত্তোলিত গ্যাস প্রসেস প্লান্টে প্রসেস করার পর সরাসরি বাখরাবাদ-চট্টগ্রাম লাইনে সরবরাহ করা হচ্ছে। |

৪। **কূপ খনন কার্যক্রমের স্থিরচিত্র:** সংযুক্ত

৫। **বাখরাবাদ গ্যাস ফিল্ড সরেজমিনে পরিদর্শনের পর পর্যবেক্ষন/সুপারিশ নিম্নরূপ :**

ক) আন্তর্জাতিক কোড এবং বিধিমালা অনুসরণ করে কম্প্রেসরের সুরক্ষা নিশ্চিতকরণের জন্য Integrity Management বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে;

খ) স্থাপিত কম্প্রেসরসমূহের দীর্ঘমেয়াদি সার্ভিস লাইফ নিশ্চিতকরণ এবং কম্প্রেসরের কার্যকারিতা অব্যাহত রাখার লক্ষ্যে কম্প্রেসর ও সকল যন্ত্রপাতি সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত ম্যানুয়াল অনুযায়ী রক্ষণাবেক্ষণ নিয়মিত বজায় রাখার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

08.08.22

মাসুদ জামান
উপ-মহাব্যবস্থাপক
প্লানিং এন্ড মনিটরিং ডিভিশন
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব
সংশ্লিষ্ট কমিটি।

08/08/2022

মোছা: মোর্শেদা ফেরদৌস
উপ-সচিব (উন্নয়ন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

08/08/2022

জনাব মোঃ হাফিজুর রহমান
চৌধুরী
যুগ্মসচিব (অপারেশন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

৪/৮/2022

ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহবায়ক
সংশ্লিষ্ট কমিটি।

